গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ অধিশাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০২৩.১৭.১৯৭

তারিখঃ ২২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচ আগামী ২১/০১/২০১৮ খ্রি. তারিখে শুরু হতে যাচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় চালু করা হয়েছে।

০১। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধু জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেওয়া হবে। শেষ ৪ সপ্তাহ সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত থাকবে এবং এ সময় প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন। প্রতি ব্যাচে ৩০-৩৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তাকে (কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ) জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মনোনয়ন প্রদান করা হবে এবং বাকি ১০ জন বেসরকারি কর্মকর্তা উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে বিআইজিএম কর্তৃক মনোনীত হবেন। কোর্স সম্পর্কে বিস্তারিত তথ্য নিম্নে পেশ করা হলো:

(ক)	উক্ত কোর্সে শুধু সিনিয়র সহকারী সচিব ও উপসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণের সুযোগ পাবেন যাদের বয়স অনূর্ধ্ব ৪৫ বছরের মধ্যে হবে।
(খ)	ব্যবসা প্রশাসন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, লোকপ্রশাসন, ফিন্যান্স, পরিসংখ্যান এবং গণিত বিষয়ে দেশে ও বিদেশে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।
(গ)	ব্যাচ প্রতি শীর্ষস্থান অধিকারী ৫ জন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য বিদেশে কোন স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।
(ঘ)	প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৫০০ টাকা করে প্রদান করা হবে এবং দুপুরে খাবার দেওয়া হবে।
(ঙ)	প্রশিক্ষণটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলবে।
(চ)	মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন BIGM এ সংযুক্ত থাকবেন।

০২। উপযুক্ত প্রার্থীগণকে আগামী ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃ: আ: অতিরিক্ত সচিব, সিপিটি, কক্ষ-১০১, ভবন-৩, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর নির্ধারিত ছক মোতাবেক আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬/১১/২০১৭
(উম্মে রেহানা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭১১৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)
ই-৩৩, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

<u>আবেদনের ছক</u>

বরাবর

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিটিপি)

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয়ঃ <u>"Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে মনোনয়ন প্রদানের জন্য আবেদন।</u>

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য আমার প্রয়োজনীয় তথ্যাবলি ছক মোতাবেক পেশ করলাম:

০১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
০২।	জন্ম তারিখ	:	
০৩।	বয়স (০৪ জানুয়ারি ২০১৮ তারিখে)	:	
০৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৬।	চাকরি স্থায়ীকরণের তারিখ	:	
০৭।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর		
০৯।	ইমেইল নম্বর		

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

বাংলাদেশ ইনস্টিটিউট
অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট
(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)
ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭

ড. মোহাম্মদ তারেক
পরিচালক
প্রাক্তন অর্থ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাক্তন নির্বাহী পরিচালক, বিশ্ব ব্যাংক
ফোন: ৮৮০-৯১৪০৭৪০, ফ্যাক্স: ৮৮০-৯১৪১২০১
মোবাইল:৮৮-০১৫৫০১৫০৬৭৭, ই-মেইল:mtareque03@gmail.com

অতিরিক্ত সচিব (সিপিটি)
ডাইরী নং-　　　তারিখ-
যুগ্ম-সচিব (প্রশিক্ষণ)
যুগ্ম-সচিব (সিপি)
যুগ্ম-সচিব (পিএসসিসি)
সিনিয়র সিস্টেমস এনালিষ্ট
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

ডাইরী নং ৬৭০
তারিখঃ 30 OCT 2017
অতিরিক্ত সচিব/উন্নয়ন
অতিঃসচিব (এপিডি/সিপিটি)
অতিঃসচিব (প্রশাসন/বাঃবাঃ)
অতিঃসচিব (শৃঙ্খলা/আইন)
অতিঃসচিব (সওবা/বিধি)
অতিঃসচিব (সিআর/সংগঃওঅ)
পি.এস
সিনিয়র সচিব

ডিও নং-বিআইজিএম/পিএটি[illegible]　　　তারিখঃ ২৯/১০/২০১৭খ্রি.

বিষয়: "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচের কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

প্রিয় সিনিয়র সাহেব,

আগামী ২১ জানুয়ারি ২০১৮ খ্রি. হতে "Policy Analysis" কোর্সের ২য় ব্যাচের প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে। বাংলাদেশের উন্নয়ন গতিধারাকে আরও উন্নততরে নিয়ে যাওয়া এবং তাকে আরও বেগবান করার জন্য দক্ষ, উদ্ভাবনী ও সৃজনশীল প্রশিক্ষিত কর্মকর্তা একান্ত আবশ্যক। সার্বিক জনপ্রশাসনের ও সংশ্লিষ্ট বেসরকারী খাতের কর্মকর্তাদের মধ্যে এই উন্নততর দক্ষতা ও চিন্তার স্ফুরণ ঘটানোর লক্ষ্যে এ কোর্সটির আয়োজন করা হচ্ছে।

২। আপনি অবহিত আছেন যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় এবং তাঁদের সহযোগিতায় এই প্রশিক্ষণ কোর্সটির আয়োজন করা হচ্ছে। এই কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব ও উপ-সচিব (বয়স অনূর্ধ্ব ৪৫ বছর) পর্যায়ের BCS ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। ব্যবসা প্রশাসন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, লোক প্রশাসন, ফিন্যান্স, পরিসংখ্যান এবং গণিত বিষয়ে দেশে ও বিদেশে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।

৩। এই প্রশিক্ষণ কোর্সটির গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে গত ২৬ অক্টোবর ২০১৭খ্রি. আপনি ও আপনার সহকর্মীবৃন্দের সাথে এ বিষয়ে আমার আলাপ হয়েছে। আগামী ২৮ নভেম্বর ২০১৭খ্রি. আপনার সভাপতিত্বে অনুষ্ঠেয় Training Management Committee (TMC)-এর সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। ২য় ব্যাচের প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য বিষয়টি অবহিত করা হল।

৪। প্রশিক্ষণটি মোট ১০ সপ্তাহব্যাপী হবে। এর মধ্যে ১ম ৬ সপ্তাহ শুধুমাত্র জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে ধারণা দেয়া হবে এবং পরবর্তী ৩ সপ্তাহ তাঁকে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে।এই সময়ে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন তৈরি করবেন। ১০ম সপ্তাহে প্রশিক্ষণার্থী প্রতিবেদন চূড়ান্ত করবেন। এই প্রতিবেদনটির গুণগত মান, প্রতিটি Module-এ ব্যক্তিগত/সমষ্টিগত এসাইনমেন্ট ও ক্লাস/সেমিনারে অংশগ্রহণের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাকে মূল্যায়ন করা হবে। এখানে উল্লেখ্য ঃ

ক) প্রতি ব্যাচের ফলাফলে শীর্ষস্থান অধিকারী ৫ জন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য বিদেশে কোন স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।

খ) প্রতিবছর প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম বিবেচিত প্রতিবেদনসমূহের সমন্বয়ে একটি বার্ষিক জার্নাল প্রকাশ করা হবে।

গ) প্রশিক্ষণটি সপ্তাহে ০৫দিন শনিবার থেকে বুধবার সকাল ৯:০০টা থেকে বিকেল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৫০০ টাকা করে প্রদান করা হবে ও দুপুরের খাবার দেয়া হবে।

ঘ) মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন সময়ে BIGM – এ সংযুক্ত থাকবেন।

ঙ) প্রতিটি কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন হবে। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা (কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ) এবং বাকী ১০ জন বেসরকারি কর্মকর্তা হবেন। এজন্য ৪০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুত করা প্রয়োজন। বেসরকারি প্রশিক্ষণার্থীদের উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচিত করা হবে।

৫। এমতাবস্থায়, আগামী ২১ জানুয়ারি ২০১৮ খ্রি. থেকে অনুষ্ঠেয় "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির ২য় ব্যাচের জন্য সিনিয়র সহকারী সচিব/উপ-সচিব (বয়স অনূর্ধ্ব ৪৫ বছর) পদমর্যাদার বা সমমর্যাদার কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ উপযুক্ত ২৫ জন কর্মকর্তা মনোনয়নের লক্ষ্যে ৪০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুতির নির্দেশনা প্রদান করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

৬। ২১ জানুয়ারি ২০১৮, সকাল ৯:০০ টায় উক্ত কোর্স-এর উদ্বোধনী আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,　　　আন্তরিকভাবে আপনার,

(ড. মোহাম্মদ তারেক)
সাবেক অর্থসচিব
ও
পরিচালক, বিআইজিএম।

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০

যুগ্ম-সচিব (প্রশিক্ষণ)
ডাইরী নং　　　তারিখ
(১) উপ-সচিব
(২) উপ-সচিব
(৩) সিনিয়র সহকারী সচিব
(৪) সিনিয়র সহকারী সচিব
(৫) সিনিয়র সহঃ সচিব

অভ্যন্তরীন প্রশিক্ষণ-০৩ অধিশাখা
ডাইরি নম্বরঃ ২০৪